

ইডেন কলেজে আজ প্রথম নারী বিতর্ক উৎসব ॥ অংশ নেবে ১ হাজার প্রতিযোগী

ফেলো
২৬

স্টাফ রিপোর্টার ॥ আজ বৃহস্পতিবার 'প্রথম নারী বিতর্ক উৎসব' হতে যাবে ইডেন মহিলা কলেজ অডিটোরিয়ামে। ইডেন কলেজসহ নগরীর ১৫টি মহিলা কলেজের এক হাজার প্রতিযোগী এতে অংশগ্রহণ করবে। 'যুক্তির স্রোতে হোক মুক্তিগান' এই স্লোগানকে সামনে রেখে আলোকিত উন্নয়ন সমাজ গড়ে তোলার লক্ষ্যে 'ইডেন মহিলা কলেজ ডিবেটিং ক্লাব' ও 'ন্যাশনাল ডিবেটিং ফেডারেশন বাংলাদেশের' যৌথ উদ্যোগে এই আয়োজন। বৃহবার এই উপলক্ষে ইডেন মহিলা কলেজ অডিটোরিয়ামে এক সংবাদ সম্মেলনে নেতৃত্ব গ্রহণ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে সুপার ১২টায় প্রথম পর্বের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইডেন কলেজের প্রাক্তন অধ্যাপক সফসর হুসাইন-ই-কলশান, বিপিটি কলামিষ্ট আনিসুল হক, ড. নিজাম উদ্দিন আহমেদ, এনামুল হক, মনির আহমেদ, ইডেন মহিলা কলেজ ডিবেটিং ক্লাবের সভাপতির ড. দিল্লারা হাফিজ, 'ন্যাশনাল ডিবেটিং ফেডারেশন বাংলাদেশ'-এর চেয়ারম্যান এফএম শোয়েব, ইডেন কলেজ শিক্ষক সাদাবা নওশীন, 'নার্সিং হুসাইন, আফরোজা বেগম, ফাহিমদা, গোলদায়ী সিন্ধুকী আরিফা রহমান প্রমুখ। বিকল্প ৫টায় দ্বিতীয় পর্বে আলোচনায় অংশগ্রহণ করেন ঢাকা বিভাগীয় কমিশনার মাহফুজুর রহমান, দৈনিক জনকণ্ঠের নির্বাহী সম্পাদক বোরহান আহমেদ, ইডেন কলেজের (১১ পৃষ্ঠা ৬-০৪ কঃ নেতৃত্ব)

ইডেন কলেজে আজ (১২-এর পাড়ার পর)

অধ্যাপক বঙ্গা রায়, অধ্যাপক আনিসুল্লাহমান, প্রমুখ। অনুষ্ঠানে নেতৃত্ব গ্রহণ করেন, ইডেন মহিলা কলেজে ১২২ বছরে শিক্ষাদায়িত্বে 'নারী বিতর্ক উৎসবের' মাধ্যমে এটি প্রতিষ্ঠানিক রূপ দেয়। বিতর্ক চর্চাকে সেশের প্রত্যয় অঞ্চলে ছড়িয়ে দেয়ার মাধ্যমেই শানিত হতে পারে একটি আলোকিত উন্নয়ন সমাজ, যা সম্ভাবনাময় বাংলাদেশ গড়তে তরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আজ বৃহস্পতিবার '১ম নারী বিতর্ক উৎসব' আয়োজনে বিভিন্ন কর্মসূচীর মধ্যে রয়েছে বর্ণাঢ্য র্যালি, পাবলিক সিন্ডিকিৎ এনডিএফ বিভিন্ন মডেল বিতর্ক, রমা বিতর্ক, বিতর্ক কর্মশালা, সাংস্কৃতিক অনুষ্ঠান, ব্যাফেল ড্র, পুরস্কার ও সনসপত্র বিতরণ, চলচ্চিত্র প্রদর্শনীসহ আরও অনেক আয়োজন।